



ভারতেশ্বরী হোমস্

মির্জাপুর, টাংগাইল

তারিখঃ ২৩/০১/২০২২

শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দের স্বাস্থ্যঝুঁকি এড়াতে ভারতেশ্বরী হোমস্ কর্তৃক গৃহীত নিম্নলিখিত প্রয়োজনীয় ব্যবস্থাপনা ও নির্দেশনাবলী খুব সতর্কতার সহিত অবলম্বন করতে সকলের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- বর্তমান পরিস্থিতিতে অভিভাবকবৃন্দ, অতিথিবৃন্দ, পুরাতন শিক্ষার্থীদের হোমসে প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।
- বাইরে থেকে আগত শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দের টিকা সনদ সঙ্গে আনা, মাস্ক পরিধান করা, হাত ধুয়ে ভিতরে প্রবেশ ও স্যানিটাইজার সাথে রাখা বাধ্যতামূলক।
- প্রাইমারি শাখা ২২/০১/২০২২ তারিখ থেকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে।
- সকল ধরনের অনুষ্ঠান পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে।
- শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষায় সার্বক্ষণিক ডাক্তার ও ৪ জন নার্স দ্বারা তদারকির সুব্যবস্থা করা হয়েছে।
- প্রতিনিয়ত হোমসের সকল জায়গায় জীবাণুনাশক স্প্রে করা, গেটে জুতা জীবাণুমুক্তকরণে উপযুক্ত ব্যবস্থা করা হয়েছে।
- শিক্ষার্থীদের জন্য ২টি সীক রুম, আলাদা ২টি আইসোলেশন রুম এবং কুমুদিনী হাসপাতালে আলাদা "স্টুডেন্টস ওয়ার্ড" প্রস্তুত করা হয়েছে।
- প্রয়োজনীয় ওষুধ, নেবুলাইজার ও অক্সিজেন সিলিন্ডার এর মজুদ বাড়ানো হয়েছে।
- শিক্ষার্থীদের দিনে কমপক্ষে দুইবার (২) তাপমাত্রা পরিমাপ এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- গরম পানির জন্য গ্রীজার চালু করা হয়েছে। প্রাত্যহিক খাবার তালিকায় চা- গরম পানির সু-ব্যবস্থা করা হয়েছে।
- স্বাস্থ্যবিধি মানা ও নিরাপদ দূরত্ব বজায় রাখার স্বার্থে হোস্টেল ব্যবস্থায় পরিবর্তন আনা হয়েছে। ডাইনিং হলে শিক্ষার্থীদের নির্দিষ্ট দূরত্ব বজায় রেখে খাওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রত্যেক শিক্ষার্থীর জন্য ডাইনিং টেবিলে ৩ ফিট পর পর বসার জায়গা চিহ্নিতকরণ করা হয়েছে।
- প্রতিষ্ঠানের প্রবেশমুখে তাপমাত্রা মাপক যন্ত্র রাখা হয়েছে। ঠাণ্ডা, কাশি অথবা শরীরের তাপমাত্রা বেশি এমন কোনো মানুষ হোমসে প্রবেশ করতে পারবে না।
- সার্বিক পরিস্থিতি বিবেচনায় "অভিভাবক দিবস" সম্পর্কে অভিভাবকবৃন্দকে অবহিত করা হবে।
- শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র শিক্ষার্থীর নাম, শ্রেণি, শাখা, রোল ও অভিভাবকের মোবাইল নম্বরসহ পার্সেলের মাধ্যমে পাঠানো অথবা কুমুদিনী হাসপাতালের তথ্য কেন্দ্রে জমা রাখার জন্য অনুরোধ করা হলো।

*** অভিভাবকবৃন্দকে চিহ্নিত না হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অভিভাবকবৃন্দের সাথে সার্বক্ষণিক যোগাযোগে মাদার টিচারগণ, অফিস তথা প্রশাসনের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ নিয়োজিত রয়েছে। অভিভাবকবৃন্দের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

অধ্যক্ষ

পার্সেল ঠিকানাঃ ভারতেশ্বরী হোমস্, কুমুদিনী কমপ্লেক্স, মির্জাপুর, টাংগাইল, পোস্ট কোডঃ ১৯৪০